

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়
অনলাইন অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০
শ্রেণি : তৃতীয়
বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও :

১৫ × ২ = ৩০

- ক) ঈশ্বর কেন আমাদের মঙ্গল করেন ?
খ) কয়েকটি পূজার নাম লিখ।
গ) কোনো কাজের আগে আমরা কার নাম স্মরণ করি।
ঘ) মা আনন্দময়ীর একটি উপদেশ বাণী লেখ।
ঙ) আনন্দময়ীর ডাক নাম কী ?
চ) হিন্দুধর্মের কয়েকটি গ্রন্থের নাম লিখ।
ছ) কমলের পরিচয় দাও।
জ) নশু মানুষের আচরণ কেমন হয় ?
ঝ) “কাঠুরে ও জলদেবতা” গল্পের নৈতিক শিক্ষা কী ?
ঞ) হিরণ্যকশিপু কার বিরোধী ছিলেন ?
ট) কাঠমিষ্টি কী তৈরি করেন ?
ঠ) ঈশ্বর কোন দেবতারূপে পালন করেন ?
ড) স্বামী বিবেকানন্দের আসল নাম কী ছিল ?
ঢ) হিন্দুদের প্রধান ধর্মগ্রন্থের নাম কী ?
ণ) কমল কীভাবে স্কুলে গেল।

২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর : (যেকোনো ১২টি)

১২ × ১ = ১২

- ক) সকল সৃষ্টিকে ভালোবাসা মানে ভালোবাসা।
খ) আকাশে রয়েছে।
গ) ঈশ্বর ও জীবের মধ্যে সম্পর্ক।
ঘ) লক্ষী দেবী।
ঙ) বাংলাভাষায় রামায়ণ কৃত্তিবাস করেন।
চ) বনবাসে সীতা বাল্মীকী মুনির ছিলেন।
ছ) যারা সহজেই রেগে যায় তাদের বলে।
জ) সৎ লোকদের থাকে না।
ঝ) শরীর সুস্থ থাকার নাম।
ঞ) সুখাসনের আরেক নাম।
ট) কাঠুরের লোহার ছিল।
ঠ) প্রহ্লাদ শ্রীবিষ্ণুর নাম।
ড) শবাসন সব আসনের করতে হয়।
ঢ) প্রবীরের সঙ্গে যুদ্ধ হয়।

৩। বামপাশের কথাগুলোর সাথে ডানপাশের কথাগুলো মিল করে খাতায় লিখ: ৫ × ২ = ১০

বামপাশ	ডানপাশ
ক) যিনি দালান তৈরি করেন তাকে	বীরাসন।
খ) মা আনন্দময়ী খেওড়া গ্রামে	তাদের উদ্ধৃত বলে।
গ) রাম ১৪ বছরের জন্য	জনুগ্রহণ করেন।
ঘ) যারা সহজেই রেগে যায়	দেব-দেবী।
ঙ) সুখাসনের আরেক নাম	মাথার মতো।
	বনে গিয়েছিলেন।
	রাজমিষ্টি বলে।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ : (যেকোনো ৮টি)

৬ × ৮ = ৪৮

- ক) জীব ও জগতের সৃষ্টিকর্তা কে? তার জন্য দুটি নাম লিখ। সৃষ্টি ও শ্রষ্টা সম্পর্কে ৩টি বাক্য লিখ।
খ) ঈশ্বর ও জীবের মধ্যে সম্পর্ক কেমন? ঈশ্বরের প্রতি আমাদের গভীর বিশ্বাস থাকতে হবে কেন? এ সম্পর্কে চারটি বাক্য লিখ।
গ) লক্ষী কীসের দেবী? লক্ষী দেবীর গায়ের বর্ণ কেমন? লক্ষীর প্রণাম মন্ত্র অর্থসহ লেখ।
ঘ) স্বামী বিবেকানন্দ ছিলেন একজন বীর সন্ন্যাসী। তাঁর আসল নাম কী? তিনি দেশে ফিরে দেশবাসীকে যা যা করতে বলেছিলেন তার মধ্যে ৬টি উল্লেখ করো।
ঙ) সকলের আগে কাউকে সুবিধা দেওয়াকে আমরা কী বলি? অন্যকে অগ্রাধিকার দেওয়ার মাধ্যমে কী প্রকাশ পায়? অন্যকে অগ্রাধিকার দিলে তোমার ও দেশের কী উপকার হবে তা ৩টি বাক্যে লিখ।
চ) দৈত্যদের রাজা কে ছিলেন? বিষ্ণু কোন রূপে হিরণ্যকশিপুকে হত্যা করেছিলেন? প্রহ্লাদকে হিরণ্যকশিপু কীভাবে শাস্তি দিয়েছিলেন তা ৩টি বাক্যে লিখ।
ছ) বাংলাদেশে মুক্তিযুদ্ধ হয়েছিল কত সালে? এ যুদ্ধে কত লোক জীবন দিয়েছেন? তোমার মতে দেশের জন্য এত লোক জীবন দেওয়ার পিছনে যে কারণগুলো রয়েছে তার মধ্যে ৩টি কারণ লিখ।
জ) মন্দির হলো দেবালয়। মন্দিরে বিভিন্ন দেব দেবীর মূর্তি থাকে। তুমি যদি ঢাকেশ্বরী মন্দিরে যাও সেখানে কোন মূর্তি দেখতে পাবে? এখানে কখন পূজা অর্চনা হয়? ঢাকেশ্বরী মন্দির সম্পর্কে তিনটি বাক্য লিখ।
ঝ) মহাভারতের সবচেয়ে বড় বীর কে ছিলেন? ব্রহ্মা কাকে খাণ্ডব বনদগ্ধ করতে বললেন? দানবদের রাজা কে ছিলেন? অর্জুন কাকে খাণ্ডব বনের আগুন থেকে রক্ষা করলেন এবং এতে অর্জুনের সহমর্মিতা কীভাবে প্রকাশ পায়?
ঞ) মরার মতো চিৎ হয়ে শুয়ে থাকতে হয়। কোন আসনটিতে? এ আসনটি করার পদ্ধতি কী? এ আসনটির তিনটি উপকারিতা লিখ।